# Parasoft®

White Soft Paraffin 50% w/w &
Liquid Paraffin 50% w/w

## Composition

**Parasoft®** ointment: Each gram ointment contains White Soft Paraffin BP 500 mg and Liquid Paraffin BP 500 mg.

## Pharmacology

**Parasoft®** ointment is a preparation of White Soft Paraffin and Liquid Paraffin which are emollients with occlusive properties for topical application.

## Indication

**Parasoft®** ointment is indicated for general use as an emollient in the symptomatic relief of dry skin conditions.

## Dose and administration

***Route of administration:*** **Parasoft®** ointment is for topical use only.

A thin film of the ointment should be applied to the affected area of the skin, in the direction of hair growth, as required. If necessary, it may be repeated. Ideally the ointment should be applied three or four times a day or at least twice a day. In adults, where a large area of the body is affected, up to 500 g a week may be used.

## Contraindication

This ointment is contraindicated in patients with known hypersensitivity to white soft paraffin or liquid paraffin or any other components of this product.

## Warning and precaution

The ointment should be applied in the direction of hair growth to reduce the incidence of folliculitis. The patients should not smoke or go near naked flames due to risk of severe burns. Fabric (clothing, bedding etc.) that has been in contact with this product burns more easily and is a serious fire hazard.

## Side effects

Rarely hypersensitivity reactions occur. Prolonged use of large quantities may cause folliculitis. If this occurs, use of the ointment should be discontinued.

## Use in pregnancy and lactation

The safety of white soft paraffin and liquid paraffin during pregnancy and lactation has not been established but use during these periods is not considered to constitute a hazard.

## Drug interaction

No clinically significant interactions known.

## Overdose

The ointment is of low toxicity and if ingested, treatment should be supportive and symptomatic. Gastric lavage should not be attempted following ingestion of paraffin based products due to the risk of inhalation or aspiration into the lungs.

## Storage

Store in a cool (below 30ºC) and dry place protected from light. Keep away from the reach of children.

## Packing

**Parasoft®** ointment: Tube containing 100 g ointment.

® Registered Trade Mark

**Advanced Chemical Industries Limited**
7, Hajeegonj Road, Godnyl
Narayangonj, Bangladesh

# পেরাসফ্‌ট®

হোয়াইট সফ্‌ট প্যারাফিন ৫০% ডব্লিউ/ডব্লিউ এবং
লিকুইড প্যারাফিন ৫০% ডব্লিউ/ডব্লিউ

**উপাদান**
**পেরাসফ্‌ট®** অয়েন্টমেন্টঃ প্রতি গ্রাম অয়েন্টমেন্টে আছে হোয়াইট সফ্‌ট প্যারাফিন বিপি ৫০০ মিগ্রা এবং লিকুইড প্যারাফিন বিপি ৫০০ মিগ্রা।

**ফার্মাকোলজি**
**পেরাসফ্‌ট®** অয়েন্টমেন্ট হচ্ছে হোয়াইট সফ্‌ট প্যারাফিন এবং লিকুইড প্যারাফিন দ্বারা তৈরি যারা ত্বকীয় প্রয়োগের ক্ষেত্রে আর্দ্রতা সংরক্ষণকারী বৈশিষ্ট্যসম্পন্ন ইমোলিয়েন্টস হিসাবে কাজ করে থাকে।

**নির্দেশনা**
**পেরাসফ্‌ট®** অয়েন্টমেন্ট ত্বকের শুষ্ক অবস্থাসমূহের চিকিৎসায় ইমোলিয়েন্ট হিসাবে নির্দেশিত।

**সেবনমাত্রা ও প্রয়োগবিধি**
***ওষুধ গ্রহণের পথঃ পেরাসফ্‌ট®*** অয়েন্টমেন্ট শুধুমাত্র ত্বকীয় ব্যবহারের জন্য।

ত্বকের আক্রান্ত স্থানে চুলের বৃদ্ধির দিকে প্রয়োজন অনুযায়ী অয়েন্টমেন্টের একটি পাতলা প্রলেপ প্রয়োগ করতে হবে। প্রয়োজনে পুনরাবৃত্তি করা যেতে পারে। সাধারণত এই অয়েন্টমেন্টটি দিনে ৩ থেকে ৪ বার অথবা কমপক্ষে দিনে ২ বার ব্যবহার করা উচিত। প্রাপ্তবয়স্কদের ক্ষেত্রে, দেহের বৃহৎ অংশ আক্রান্ত হলে সপ্তাহে ৫০০ গ্রাম পর্যন্ত ব্যবহার করা যেতে পারে।

**প্রতিনির্দেশনা**
যাদের হোয়াইট সফ্‌ট প্যারাফিন বা লিকুইড প্যারাফিন বা এই ওষুধের অন্যান্য উপাদানের প্রতি অতিসংবেদনশীলতা রয়েছে, তাদের ক্ষেত্রে এই অয়েন্টমেন্টটি প্রতিনির্দেশিত।

**সাবধানতা ও সচেতনতা**
ফলিকুলাইটিসের সম্ভাবনা কমানোর জন্য চুলের বৃদ্ধির দিকে এই অয়েন্টমেন্টটি প্রয়োগ করা উচিত। দাহ্য পদার্থ থাকায় অয়েন্টমেন্টটি প্রয়োগের পর রোগীদের ধূমপান অথবা জ্বলন্ত অগ্নিশিখার কাছে যাওয়া থেকে বিরত থাকা উচিত। যে সকল কাপড় (পোশাক, বিছানার চাদর প্রভৃতি) এই অয়েন্টমেন্টের সংস্পর্শে এসেছে সেগুলো সহজে দাহ্য বলে মারাত্মক অগ্নিকান্ড সৃষ্টি করতে পারে।

**পার্শ্ব প্রতিক্রিয়া**
বিরল ক্ষেত্রে অতিসংবেদনশীলতা দেখা দিতে পারে। অধিক পরিমানে দীর্ঘদিন ব্যবহারের ফলে ফলিকুলাইটিস দেখা দিতে পারে। যদি এরকম হয়, তবে অয়েন্টমেন্টটি ব্যবহার করা থেকে বিরত থাকতে হবে।

**গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে ব্যবহার**
গর্ভাবস্থায় এবং স্তন্যদানকালে হোয়াইট সফ্‌ট প্যারাফিন এবং লিকুইড প্যারাফিনের নিরাপদ ব্যবহার প্রতিষ্ঠিত না হলেও সাধারণভাবে এই দুই সময়ে অয়েন্টমেন্টটির ব্যবহার কোন বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি করে না।

**ওষুধের প্রতিক্রিয়া**
কোন ওষুধের সাথে ক্লিনিক্যালি গুরুত্বপূর্ণ কোন প্রতিক্রিয়া সম্বন্ধে জানা যায়নি।

**মাত্রাধিক্য**
এই অয়েন্টমেন্টটি স্বল্প মাত্রার টক্সিসিটি সম্পন্ন এবং গলাধঃকরণ করলে, লক্ষণ অনুযায়ী সহায়ক চিকিৎসা দিতে হবে। ইনহেলেশন বা ফুসফুসে অ্যাসপিরেশনের ঝুঁকি থাকায় প্যারাফিন সমৃদ্ধ ওষুধ গলাধঃকরণের ক্ষেত্রে গ্যাস্ট্রিক ল্যাভেজ দেয়া উচিত নয়।

**সংরক্ষণ**
আলো থেকে দূরে, ঠাণ্ডা (৩০°সে. এর নিচে) ও শুষ্ক স্থানে রাখুন। শিশুদের নাগালের বাইরে রাখুন।

**প্যাকিং**
**পেরাসফ্‌ট®** অয়েন্টমেন্টঃ প্রতি টিউবে আছে ১০০ গ্রাম অয়েন্টমেন্ট।

® রেজিস্টার্ড ট্রেড মার্ক

ACI
**এডভান্সড কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ লিমিটেড**
৭, হাজীগঞ্জ রোড, গোদনাইল
নারায়ণগঞ্জ, বাংলাদেশ